গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী
coop.noakhali.gov.bd

নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.২২.০০২.১১-৫৩৪ তারিখ: ৮ সেপ্টেম্বর ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

এতদ্বারা তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১১/৯/২০২২খ্রি. তারিখ রোজ রবিবার বেলা ০২.০০ ঘটিকায় জেলা সমবায় কার্যালয়, নোয়াখালীতে জেলার তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২২খ্রি.)সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় তাঁকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী:
১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২) নোয়াখালী জেলার ২০২২-২৩ অর্থ বছরের তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২২খ্রি.)অগ্রগতি পর্যালোচনা।
৩) বিবিধ।

০৮.০৯.২০২২

স্বপন কুমার দাস
উপ-সহকারী নিবন্ধক
ও
আহবায়ক
তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) জনাব সুমা রায়, পরিদর্শক ও সদস্য, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।
২) জনাব মো: ফজলুল করিম, পরিদর্শক ও সদস্য, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।
৩) জনাব মিতা সেন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ও সদস্য, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।
৪) জনাব বিষ্ণু প্রিয়া দেবী, পরিদর্শক ও ফোকাল পয়েন্ট, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।
৫) জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।

## জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির জুলাই-সেপ্টেম্বর/২২ খ্রি. মাসের সভার কার্যবিবরণী।

আহবায়ক : জনাব স্বপন কুমার দাস
উপ-সহকারী নিবন্ধক
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।

সভার তারিখ : ১১-০৯-২০২২ খ্রি.

সময় : বেলা ০২.০০ ঘটিকা

স্থান : জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী।

### উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

| ক্র: নং | সদস্যগণের নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব স্বপন কুমার দাস<br>উপ-সহকারী নিবন্ধক,জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | আহবায়ক | ১১.০৯.২০২২ |
| ০২ | জনাব সুমা রায়<br>পরিদর্শক,জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | সদস্য | ১১/৯/২২ |
| ০৩ | জনাব মো: ফজলুল করিম<br>পরিদর্শক,জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | সদস্য | ১১.৯/২২ |
| ০৪ | জনাব মিতা সেন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | সদস্য | ১১/৯/২২ |
| ০৫ | জনাব বিষ্ণু প্রিয়া দেবী<br>পরিদর্শক,জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী। | সদস্য সচিব ও<br>ফোকাল পয়েন্ট | ১১/৯/২২ |

অদ্যকার সভা কমিটির আহবায়ক জনাব স্বপন কুমার দাস, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী এর সভাপতিত্বে শুরু হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং সদস্য সচিবকে তথ্য অধিকার কর্মপরিকল্পনার কার্যক্রম অনুযায়ী সভা পরিচালনার জন্য আহবান জানান।

সভায় সদস্য সচিব তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রমসমূহ সভায় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা | আলোচনা, সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | % | ১০০ | আলোচ্য বর্ষে তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করতে হবে। সে প্রেক্ষিতে জেলার তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্য সচিবকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |
| [১.২] স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | [১.২.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ৩১-১২-২২<br>৩০-৬-২৩ | আলোচ্য বর্ষে স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ৩১-১২-২০২২ ও ৩০-৬-২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করার বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে কমিটির সদস্য সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [১.৩.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | তারিখ | ১৫-১০-২২ | আলোচ্য বর্ষে ১৫-১০-২০২২ তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে কমিটির সদস্য সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |
| [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণ | [১.৪.১] তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুতকৃত/ হালনাগাদকৃত | তারিখ | ৩১-১২-২২ | আলোচ্য বর্ষে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স ৩১-১২-২০২২ তারিখের মধ্যে তৈরি/ হালনাগাদকরণ করতে হবে। এ বিষয়ে কমিটির সদস্য সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |
| [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [১.৫.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | সংখ্যা | ৩ | আলোচ্য বর্ষে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সংক্রান্ত ৩টি প্রচার কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বিষয়ে কমিটির সদস্য সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |
| [১.৬] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা,প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ আয়োজন | [১.৬.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ৩ | আলোচ্য বর্ষে তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/ কর্মচারিদের ৩টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। এ প্রেক্ষিতে জেলা ও এর আওতাধীন উপজেলাসমূহের কর্মকর্তা/কর্মচারিগনের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজনের জন্য জেলা সমবায় অফিসার মহোদয় এর দৃষ্টি আকর্ষণপূর্বক সদস্য সচিবকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |
| [১.৭] তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশ | [১.৭.১] ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশিত | সংখ্যা | ৪ | আলোচ্য বর্ষে তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশ করার বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে কমিটির সদস্য সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। |

পরিশেষে সভায় সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আহবায়ক কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০২২

স্বপন কুমার দাস
উপ-সহকারী নিবন্ধক
ও
আহবায়ক
তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী